## অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজরী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঁশখালী, চট্টগ্রাম।
সভার তারিখ : ২৭/১০/২০২১ খ্রি.
সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, বাঁশখালী, চট্টগ্রাম।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | জনাব আবুল কালাম মিয়াজি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখালী সভায় জানান প্রতিটি দপ্তরের বার্ষিক বাজেট প্রণয়ন একটি গুরুত্বপুর্ণ বিষয়। একটি প্রতিষ্ঠানের বার্ষিক বাজেট প্রস্তুতের মাধ্যমে আয়-ব্যয়ের প্রমাণক চিত্র প্রদর্শিত হয়। তাই আসন্ন ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিষদের বার্ষিক খসড়া বাজেট প্রস্তুত প্রণয়ন নি:সন্দেহে জবাবদিহিতা সৃষ্টি করে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক বাজেট জবাবদিহিতার জন্য উন্মুক্ত আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বাঁশখালী, চট্টগ্রাম। |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখালী সভায় আরও জানান ২০২০-২১ অর্থ বছরে তাল গাছ রোপনের রিপোর্ট এখনও পর্যন্ত পাওয়া যায়নি। উক্ত রিপোর্ট জমা প্রদানের জন্য ইউ,পি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে ব্রিজ, কালভার্ট স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন। দ্রুত তালিকা প্রণয়ন করা হলে যথাসময়ে কাজ সমাপ্ত করতে পারবে। | সভায় বিস্তারিত আলোচনা শেষে ২০২০-২০২১ অর্থ বছরের তাল গাছ রোপনের বাস্তবায়িত প্রকল্প অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য ইউ,পি চেয়ারম্যান (সকল), বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখা<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |
| ০২ | জনাব রশিদ আহমদ চৌধুরী, চেয়ারম্যান, সরল ইউ,পি সভায় জানান বিভিন্ন ইউনিয়নে পানির প্লাবন থেকে রক্ষা পেতে স্লুইচ গেইট নির্মাণ/ সংস্কার খুবই জরুরি। তারই ধারাবাহিকতায় সাধনপুর, চাম্বল, সরল, শেখেরখীল ও অন্যান্য ইউনিয়নে স্লুইচ গেইট নির্মাণ/ সংস্কারের জন্য সার্ভে টিম জরিপ চালিয়ে যাচ্ছে। তিনি আরও জানান দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক ব্রিজ ও কালভার্ট স্থাপনে প্রকল্প বরাদ্দের অনুমোদন প্রচেষ্টা প্রক্রিয়াধীন রয়েছে। চলমান উন্নয়ন প্রকল্পসমূহ গুণগতমান বজায় রেখে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক ব্রিজ ও কালভার্ট স্থাপনের প্রকল্প বরাদ্দ আনায়নের জন্য জনগুরুত্বপুর্ণ দিক বিবেচনা করে প্রকল্প তালিকা প্রণয়নপূর্বক সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রক বাস্তবায়ন কর্ম বাঁশখালী |

রেহেনা

CamScanner

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/২০২১ ইং
রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক
উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২১- ৬০৭ তারিখ ঃ ২৭/১০/২০২১খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ,বাঁশখালী,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ..............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

২৭/১০/২০২১
আবুল কালাম মিয়াজি
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
বাঁশখালী,চট্টগ্রাম

CamScanner

## অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি : জনাব রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঁশখালী, চট্টগ্রাম।

সভার তারিখ : ২৫/০৫/২০২২ খ্রি.

সভার সময় : বিকাল ২.০০ ঘটিকা

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ , বাঁশখালী, চট্টগ্রাম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখালী, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **জনাব মোঃ রিয়াদ হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখালী সভায়** জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। প্রতি বছরের ন্যায় উপজেলা পরিষদ ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট ঘোষণা করতে যাচ্ছে। নি:সন্দেহে এটি একটি প্রতিষ্ঠানের সচ্ছতা ও জবাবদিহিতা সৃষ্টি করে। বাজেটের মাধ্যমে উন্নয়ন পরিকল্পনা গৃহীত হয়। ফলে আয়-ব্যয় নিরুপণ করা সহজ হয়। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব আয় কমে গেছে। তাই সীমিত সম্পদের মাধ্যমে উথাপিত এ বাজেট কার্যকরী ভূমিকা পালন করবে। তাই আসন্ন ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের বার্ষিক খসড়া বাজেট অপ্রয়োজনীয় ব্যয়কে তরান্বিত করবে। বর্তমানে করোনার প্রভাব কাটিয়ে আস্তে আস্তে রাজস্ব আদায়ের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায় ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদের সংশোধিত বাজেট এবং ২০২২-২০২৩ অর্থ বছরের খসড়া বাজেট প্রস্তুত পূর্বক প্রস্তাবিত বাজেট জনসাধারণের মতামত গ্রহণের জন্য নোটিশ বোর্ড, ওয়েব পোর্টাল ও প্রচার-প্রচারণা চালানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক বাজেট জবাবদিহিতার জন্য উন্মুক্ত আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বাঁশখালী, চট্টগ্রাম। |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখালী (অ:দা) সভায় আরও জানান ২০২১-২২ অর্থ বছরের টিআর, কাবিখার ৩য় পর্যায়ের প্রকল্প অনুমোদন হয়েছে। তাই নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করার জন্য ইউ,পি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনা শেষে, ২০২১-২২ অর্থ বছরের ইজিপিপি, টিআর ও কাবিখা প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেল প্রকল্প বাস্তবা কর্মকর্তা, বাঁ ২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

রেহেনা ২৫/০৫/২০২২ ইং

রেহেনা আকতার কাজমী
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক
উপজেলা কমিটি
বাঁশখালী, চট্টগ্রাম

তারিখ ঃ ২৫/০৫/২০২২খ্রি.

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২২- ১৯৭

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান , উপজেলা পরিষদ,বাঁশখালী,চট্রগাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম
০৩। উপজেলা ............................কর্মকর্তা , বাঁশখালী, চট্টগ্রাম।
০৪। চেয়ারম্যান............................ইউ,পি, বাঁশখালী, চট্টগ্রাম।
০৫। অফিস নথি ।

মো: রিয়াদ হোসেন
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
বাঁশখালী,চট্টগ্রাম

CamScanner